গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
www.singra.natore.gov.bd

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৯১.০০৯.১৮.০০১.২১-৩৯ তারিখ ঃ ২৪ জানুয়ারি, ২০২৪

সিংড়া উপজেলাধীন হাট-বাজারের দরপত্র বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং-১ (১ম পর্যায় হতে ৩য় পর্যায় পর্যন্ত)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিংড়া উপজেলাধীন হাট-বাজারসমূহ নিম্নে উল্লিখিত তফসিল মোতাবেক বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে দরপত্রের মাধ্যমে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারা বন্দোবস্ত গ্রহণে আগ্রহী ব্যক্তি/ইজারাদার/ব্যবসায়ীকগণের নিকট হতে শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল জেলা প্রশাসক, নাটোর, মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), সিংড়া এর কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, সিংড়া শাখা, থানা (পুলিশ ষ্টেশন, সিংড়া) ও অত্রাফিস হতে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত মূল্যে, নগদ অর্থে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ যথাযথভাবে পূরণ করে চাহিত কাগজপত্র ও নির্ধারিত ব্যাংক ড্রাফটসহ নির্ধারিত সময়সূচী অনুসারে সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত সময়ের মধ্যে বিনা ব্যর্থতায় জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), সিংড়া এর কার্যালয় এবং অত্রাফিসে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। কোনক্রমেই নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র বিক্রয়/গ্রহণ করা হবে না। ঐ দিন (দরপত্র জমা করার শেষ দিন) বেলা ১.৩০ টায় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র গ্রহণের তারিখে কোন দরপত্র/সিডিউল ফরম বিক্রয় করা হবে না। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং **www.singra.natore.gov.bd** ওয়েব সাইটে যাবতীয় তথ্য জানা যাবে। সংশ্লিষ্ট হাটের সিডিউল মূল্য বাবদ উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর কার্যালয় হতে নগদ মূল্যে ক্রয় করে শর্ত মোতাবেক যাবতীয় তথ্য পূরণ ও সংযোজন করে জমা করতে হবে। উল্লেখ্য যে, কর্তৃপক্ষ যেকোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

## হাট-বাজারের তালিকা ও তপসিল নিম্নরূপ:

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | হাটের অবস্থান (ইউ,পির নাম) | ১৪৩১ সালের জন্য স্থিরকৃত মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | বামিহাল হাট-বাজার | সুকাশ | ২২,২২,৪৬৭/- | ৫,২০০/- |
| ০২. | দূর্গাপুর হাট | ,, | ৫,৭৮,৬৫৪/- | ১,৮০০/- |
| ০৩. | বোয়ালিয়া হাট | ,, | ৩,৭১,৪৯৫/- | ১,৪০০/- |
| ০৪. | বিয়াশ হাট ও বাজার | ডাহিয়া | ১২,০৯,৮৪৯/- | ৩,২০০/- |
| ০৫. | বড়গাঁও হাট ও বাজার | ,, | ৩,৩৯,৭৩০/- | ১,৪০০/- |
| ০৬. | ক্ষিরপোতা হাট ও বাজার | ,, | ৩৯,৫৭৩/- | ৫০০/- |
| ০৭. | ডাহিয়া হাট ও বাজার | ,, | ১,৯৪,৬৮৭/- | ১,০০০/- |
| ০৮. | কুমগ্রাম হাট ও বাজার | ইটালী | ৩,৪৮,৯৮১/- | ১,৪০০/- |
| ০৯. | বাঁশবাড়িয়া হাট ও বাজার | ,, | ২,২৬,১৩৩/- | ১,২০০/- |
| ১০. | পাকুড়িয়া হাট ও বাজার | ,, | ৩,২৩,৭৫৯/- | ১,৪০০/- |
| ১১. | কলম হাট ও বাজার | কলম | ১,৮৬,৭৩৭/- | ১,০০০/- |
| ১২. | নূরপুর হাট ও বাজার | ,, | ১,৮৩,২৩৯/- | ১,০০০/- |
| ১৩. | বিলদহর হাট ও বাজার | চামারী | ১৩,৩৪,৩২৮/- | ৩,৪০০/- |
| ১৪. | পাঙ্গাশিয়া হাট ও বাজার | ,, | ২,৬৯,৯৪৭/- | ১,২০০/- |
| ১৫. | হাতিয়ান্দহ হাট ও বাজার | হাতিয়ান্দহ | ২১,৪৯,৭৬৮/- | ৫,০০০/- |
| ১৬. | বড়সাঐল হাট ও বাজার | ,, | ৮৩,৩৮৭/- | ৫০০/- |
| ১৭. | ধুলিয়াডাঙ্গা হাট ও বাজার | ,, | ৫০,২৭৯/- | ৫০০/- |
| ১৮. | গুনাইখাড়া হাট ও বাজার | ,, | ১২,৯৮,৬৯৪/- | ৩,২০০/- |
| ১৯. | নলবাতা হাট ও বাজার | ,, | ৪২,৮২৪/- | ৫০০/- |
| ২০. | পাছলাডুয়া হাট ও বাজার | ,, | ৭৮,৯৩৫/- | ৫০০/- |
| ২১. | শেরকোল হাট ও বাজার | শেরকোল | ২,২৬,৪৮৭/- | ১,২০০/- |
| ২২. | বন্দর হাট ও বাজার | ,, | ১,৩৪,৪৪৩/- | ১,০০০/- |
| ২৩. | নওগাঁ হাট ও বাজার | তাজপুর | ৪৪,০২৫/- | ৫০০/- |
| ২৪. | তাজপুর হাট ও বাজার | ,, | ৫৬,৩৯২/- | ৫০০/- |
| ২৫. | জামতলী হাট ও বাজার | চৌগ্রাম | ২৬,১৩,২৮৯/- | ৬,০০০/- |
| ২৬. | কালিগঞ্জ হাট ও বাজার | ছাতারদিঘী | ১৮,১০,৮৩৩/- | ৪,৪০০/- |
| ২৭. | এখলাছপুর হাট ও বাজার | ,, | ৫,১০,৫৬৭/- | ১,৮০০/- |
| ২৮. | বিনগ্রাম হাট ও বাজার | রাঃ খাজুরা | ১০,৩৩,৬৭৭/- | ২,৮০০/- |
| ২৯. | বাদোপাড়া হাট ও বাজার | ,, | ২,৩৪,৫০৭/- | ১,২০০/- |
| ৩০. | থাঐল হাট ও বাজার | ,, | ৩,৫৪,৬৪৪/- | ১,৪০০/- |

Mhamuda
(মাহমুদা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
২৪/১/২৪

## দরপত্র বিক্রয়, গ্রহণ ও খোলার সময়সূচী :

| ক্রঃ নং | পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | ১ম পর্যায় | ১৫/০২/২০২৪ খ্রিঃ, বিকেল ৪.০০ টা | ২২/০২/২৪ খ্রিঃ, বেলা ১.০০ টা | ২২/০২/২৪ খ্রিঃ,বিকেল ৩.০০ টা | (বিঃ দ্রঃ বর্ণিত সময়সূচী মোতাবেক ১ম পর্যায়ে যেসকল হাটের দরপত্র দাখিল হবেনা বা দরপত্র পাওয়া যাবেনা ২য় পর্যায়ে শুধু সে সমস্ত হাট বাজারের দরপত্র গ্রহণ করা হবে এবং একইভাবে ৩য় বারের দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারী করা হবেনা)। |
| ০২. | ২য় পর্যায় | ২৭/০২/২০২৪ খ্রিঃ, বিকেল ৪.০০ টা | ০৩/৩/২৪ খ্রিঃ, বেলা ১.০০ টা | ০৩/৩/২৪ খ্রিঃ, বিকেল ৩.০০ টা | |
| ০৩. | ৩য় পর্যায় | ০৫/৩/২০২৪ খ্রিঃ, বিকেল ৪.০০ টা | ০৭/৩/২৪ খ্রিঃ, বেলা ১.০০ টা | ০৭/৩/২৪ খ্রিঃ, বিকেল ৩.০০ টা | |

Mhamuda 24/1/24

(মাহমুদা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০১৭৬২-৬৯২১১৪
unosingra@mopa.gov.bd
24/1/24

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
www.singra.natore.gov.bd

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৯১.০০৯.১৮.০০১.২১-৩৯

তারিখ ঃ ১২ মাঘ, ১৪৩০ / ২৪ জানুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, নাটোর।
০৪। পুলিশ সুপার, নাটোর।
০৫। সিভিল সার্জন, নাটোর।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর।
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর।

অনুলিপি অবগতি ও নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিংড়া, নাটোর।
১০। মেয়র, সিংড়া পৌরসভা, সিংড়া, নাটোর।
১১। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
১২। সহকারী কমিশনার (ভূমি), সিংড়া/নাটোর সদর/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
১৩। জেলা তথ্য অফিসার, নাটোর।
১৪। অফিসার ইনচার্জ, সিংড়া থানা, সিংড়া, নাটোর।
১৫। উপজেলা ..............................................................অফিসার, সিংড়া, নাটোর।
১৬। চেয়ারম্যান, সুকাশ/ডাহিয়া/ইটালী/কলম/চামারী/হাতিয়ান্দহ/লালোর/শেরকোল/চৌগ্রাম/ছাতারদিঘী/রামানন্দ খাজুরা ইউনিয়ন পরিষদ, সিংড়া, নাটোর।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ......................... (সকল) ইউনিয়ন ভূমি অফিস, সিংড়া, নাটোর। উক্ত বিজ্ঞাপনটি বহুল প্রচারপূর্বক জারীর প্রতিবেদন যথাসময়ে অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। বিজ্ঞাপন ম্যানেজার, ..................................................... উল্লেখিত বিজ্ঞপ্তিটি আগামী ০৫/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে এক সংখ্যায় প্রকাশের জন্য এবং ৩ কপি পেপার কাটিং প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯। পোস্ট মাস্টার, সিংড়া পোস্ট অফিস, সিংড়া, নাটোর।
২০। ইজারাদার .................................................... হাট-বাজার ১৪২৯ সন, সিংড়া, নাটোর।
২১। ................................................................................ সিংড়া, নাটোর।
২২। অফিস কপি।

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট ও বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (ত্রিশভাগ) অর্থ ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডারের মাধ্যমে সিংড়া পৌরসভার অধিক্ষেত্রে অবস্থিত যে কোন তফসিলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর-এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

০৩। সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর বিধি ৩। ৩.৪ মতে দরপত্র অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনুমোদিত দরদাতাকে জানানো হবে এবং দরপত্রদাতা অবহিত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের ২৫% অর্থ সমন্বয় করতঃ ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করবেন। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে ও জামানত বাজেয়াপ্ত হবে।

০৪। ইজারা গ্রহীতা কর্তৃক হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা কোন ক্ষতি সাধন করলে উক্ত ৫% জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর সংশ্লিষ্ট হাট-বজারের সরকারি মূল্যের চেয়ে কম হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৬। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিল/গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৭। খামের উপর হাট-বাজারের নাম, দরপত্রদাতার নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। ১৪৩১ সনের জন্য সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে একাধিক দৃশ্যমান স্থানে টোলরেট/চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৯। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং স্বাক্ষরের নীচে নিজ নামীয় মোবাইল ফোন নম্বর ব্যবহার করবেন।

১০। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১১। ইজারা অনুমোদন অন্তে ইজারাদার কর্তৃক যাবতীয় পাওনা পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ ও একই হলে লটারীর মাধ্যমে অথবা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

Mhamuda 28/3/24

(মাহমুদা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০১৭৬২-৬৯২১১৪
unosingra@mopa.gov.bd
২৮/৩/২৪